তীব্র দাবদাহে মাছচাষিদের করণীয়

অতিরিক্ত তাপদাহে

- পানিতে অক্সিজেন দ্রবীভূত থাকার পরিমাণ হ্রাস পায়;
- অক্সিজেন সংকট দেখা দেয়;
- প্রাকৃতিক খাদ্য উৎপাদন ব্যাহত হয়;
- পরিবেশগত পীড়ন তৈরি হয়;
- মাছ ভেসে ওঠে এবং মারা যায়।

মাছচাষে আদর্শ তাপমাত্রা ২৫-৩০ ডিগ্রী সেলসিয়াস

দুঃসময়ের জন্য অক্সিজেন ট্যাবলেট/পাউডার সংগ্রহে রাখুন

খাদ্য প্রয়োগে সচেতন হউন এবং সতর্কতা অবলম্বন করুন



"উত্তম ব্যবস্থাপনাই টেকসই উৎপাদনের পূর্বশর্ত"

বর্তমানে তাপমাত্রার অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো শীতকালে তাপমাত্রার নিম্নগতি এবং গ্রীষ্মকালে ঊর্ধগতি।

তাই, পুকুরে তাপমাত্রা ধরে রাখতে গভীরতা নূন্যতম ৮-১০ ফুট নিশ্চিত করুন।

করণীয় ঃ ভৌত কার্যাবলী

- ✓ অগভীর জলাশয়ের গভীরতা বৃদ্ধি করুন;
- ✓ পানির গভীরতা নূন্যতম ৮-১০ ফুট নিশ্চিত করুন;
- ✓ প্রয়োজনে পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করুন;

করণীয় ঃ মাছচাষকালীন

- ✓ অতিরিক্ত মজুদ ঘনত্ব কমিয়ে ফেলুন;
- ✓ পানিতে পরিমিত মাত্রায় প্রাকৃতিক খাদ্য নিশ্চিত করুন;
- ✓ সম্পূরক খাদ্য প্রয়োগ হার অর্ধেক কমিয়ে ফেলুন;
- ✓ বাতাসে আর্দ্রতার পরিমাণ বৃদ্ধি পেলে বা নিম্নচাপ তৈরি হলে খাদ্য প্রয়োগ বন্ধ করুন।

করণীয় ঃ প্রতিকারমূলক ব্যবস্থা

- ✓ সকালে মাছ ভাসলে প্রতি শতকে ৩০০ গ্রাম হারে পাথুরে চুন প্রয়োগ করুন;
- ✓ দুপুরে মাছ ভাসলে প্রতি শতকে ৩০০ গ্রাম হারে লবন প্রয়োগ করুন;
- ✓ প্রয়োজনে শতাংশ প্রতি ১ ফুট পানিতে ১টি অক্সিজেন ট্যাবলেট প্রয়োগ করুন;
- ✓ প্রয়োজনে ঝর্নাকারে পানি প্রবেশ করান অথবা
- ✓ স্থায়ী সমাধানে পুকুরে এরেটর স্থাপন করুন।

মৎস্য অধিদপ্তর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ